# ঢাকা বিশ্ববিদ্যালয়

এতদ্দ্বারা পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানান যাইতেছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত ইঞ্জিনিয়ারিং কলেজসমূহের বি.এসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের লেভেল-৪ টার্ম-১ (নিয়মিত ও রিটেক) তত্ত্বীয় পরীক্ষা-২০২৫ আগামী ২৭ জুলাই, ২০২৬ তারিখ হইতে অনুষ্ঠিত হইবে। উক্ত পরীক্ষার ফরমপূরণ ও ফিস্ আগামী ১৬/০৭/২০২৬ তারিখের মধ্যে অনলাইনে সম্পন্ন করিয়া ফরমসমূহ কলেজ অফিসে সংরক্ষণ ও ফিস্ অত্র অফিসে জমা দেওয়ার ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হইল। **"www.ducmc.du.ac.bd"** এই লিংকে প্রবেশ করে ফরমপূরণের সকল কার্যক্রম শিক্ষার্থী নিজেই সম্পন্ন করিতে পারিবে।

উল্লেখ্য যে, ১৬/০৭/২০২৬ তারিখের পর সার্ভার স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাইবে তাই আর কোন পরীক্ষার্থীর ফরমপূরণ ও ফিস্ জমা নেওয়া সম্ভব হইবে না।

**নিম্নোক্ত নিয়মাবলি অনুসারে ফরম ও ফিস্ দাখিল করিতে হইবে**

১। যে সকল পরীক্ষার্থী পূর্ববর্তী যে কোন পরীক্ষায় যে কোন বিষয়ে রেফার্ড পাইয়াছে সেই সকল পরীক্ষার্থীকে "Irregular" পরীক্ষার্থী হিসেবে গণ্য করিতে হইবে এবং রিটেনশন ফিস্ পরিশোধ করিতে হইবে।

২। যে সকল পরীক্ষার্থী পূর্ববর্তী কোন পরীক্ষায় কোন বিষয়ে রেফার্ড পায় নাই কেবলমাত্র সেই সকল পরীক্ষার্থীদেরকে "Regular" পরীক্ষার্থী হিসেবে গণ্য করিতে হইবে।

৩। প্রত্যেক বিষয়ের ক্লাসে ছাত্র/ছাত্রীদের কমপক্ষে ৭৫% হাজিরা থাকিতে হইবে। যে সকল ছাত্র/ছাত্রীর ক্লাসে হাজিরা ৬০% হইতে ৭৪% এর মধ্যে আছে সেই সকল ছাত্র/ছাত্রীকে নন-কলেজিয়েট ছাত্র/ছাত্রী হিসেবে গণ্য করিতে হইবে এবং নন-কলেজিয়েট ফিস্ পরিশোধ করিতে হইবে। যে সকল ছাত্র/ছাত্রীর ক্লাসে হাজিরা ৬০% এর কম আছে সেই সকল ছাত্র/ছাত্রীকে ডিস-কলেজিয়েট ছাত্র/ছাত্রী হিসেবে গণ্য করিতে হইবে। যাহারা পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবে না।

৪। দেয় ফিসের টাকা **"Fees from the Constituent College"** এই নামে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার তৈয়ার করিয়া ফর্মের সঙ্গে জমা দিতে হইবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই হিসেবে দেয় (A/C Payee) হইতে হইবে।

৫। **ঢাকা বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রেশন ব্যতীত কোন পরীক্ষার্থীর ফরম ও ফিস্ জমা দেওয়া যাইবে না।**

৬। কলেজের অধিভুক্তি নবায়নের ফটোকপি সত্যায়িত করিয়া ফরম ও ফিসের সহিত জমা দিতে হইবে।

৭। **ফরওয়ারডিং লেটারের মাধ্যমে পরীক্ষার এন্ট্রি ফরম বাবদ জনপ্রতি ১০০ (একশত) টাকা করে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার "Controller of Examinations" (A/C-33011288) শিরোনামে** জমা দিতে হইবে। নগদ/চেক কোন অবস্থাতেই গ্রহণযোগ্য হইবে না।

**পরীক্ষার ফিস ও অন্যান্য ফিসের হার নিম্নরূপ:**

১। প্রতি সেমিস্টার পরীক্ষার ফিস্ (জনপ্রতি) ------------------------------------------------ ৩,০০০/- টাকা
২। ইমপ্রুভমেন্ট/রিটেক দুই বিষয়ের জন্য পরীক্ষার ফিস্ ------------------------------------------ ৩,০০০/- টাকা
৩। ইমপ্রুভমেন্ট/রিটেক তিন বা ততোধিক বিষয়ের জন্য পরীক্ষার ফিস্ -------------------------------- ৪,৫০০/- টাকা
৪। মার্কশীট ফিস্ (জনপ্রতি) ---------------------------------------------------------------- ৩০০/- টাকা
৫। রিটেনশন ফিস্ (অনিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে-জনপ্রতি) ------------------------------------ ৭৫০/- টাকা
৬। নন-কলেজিয়েট ফিস্ (নন-কলেজিয়েট পরীক্ষার্থীদের ক্ষেত্রে-জনপ্রতি) --------------------------- ২,২৫০/- টাকা
৭। কেন্দ্র ফিস্ (পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কেন্দ্রের হিসাব নম্বরে জমা দিতে হবে)

প্রশাসনিক ভবন
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা-১০০০।

স্বাক্ষর/-
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
ঢাকা বিশ্ববিদ্যালয়।

মেমো নং: **৪৩২৯**/মে.সে./প./৩৩৫

তারিখঃ ০৭/০৭/২০২৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নোক্তদের নিকট অনুলিপি প্রেরণ করা হইল।

১। ডীন, ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজী অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
২। অধ্যক্ষ, সকল ইঞ্জিনিয়ারিং কলেজ।
৩। রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), ঢাঃ বিঃ।
৪। প্রক্টর, ঢাঃ বিঃ।
৫। উপ-রেজিস্ট্রার, উপাচার্য মহোদয়ের অফিস, ঢাঃ বিঃ।
৬। উপ-রেজিস্ট্রার, প্রো-উপাচার্য (প্রশাসন) মহোদয়ের অফিস, ঢাঃ বিঃ।
৭। উপ-রেজিস্ট্রার, প্রো-উপাচার্য (শিক্ষা) মহোদয়ের অফিস, ঢাঃ বিঃ।
৮। সকল পরীক্ষা উপ-নিয়ন্ত্রক, ঢাঃ বিঃ।
৯। সকল সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক, ঢাঃ বিঃ।

পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
ঢাকা বিশ্ববিদ্যালয়।